

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা

নং-০৫.১৯৬.০২৩.০০.০০.০১৩.২০১০-১৬১


তারিখ : ৩১ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ

বিষয় : ২০১৫ সালের জন্য 'জনপ্রশাসন পদক' প্রদানের নিমিত্ত মনোনয়ন আহ্বান।

জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে প্রণীত 'জনপ্রশাসন পদক নীতিমালা-২০১৫' অনুসারে ২০১৫ (জানুয়ারি-ডিসেম্বর, ২০১৫) ক্যালেন্ডার বছরের কর্মকান্ড বিবেচনা করে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে জাতীয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ (০৩) তিন শ্রেণিতে ১টি করে মোট (০৬) ছয়টি করে পুরস্কার প্রদান করা হবে। নীতিমালার ৮ ধারা অনুসারে ২০১৫ সালের পুরস্কার প্রদান কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি নিম্নরূপ :

মনোনয়ন আহ্বান	-	৫ জানুয়ারি, ২০১৬ এর মধ্যে
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	-	১৫ ফেব্রুয়ারি, ২০১৬ এর মধ্যে
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৭ মার্চ, ২০১৬ এর মধ্যে
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	-	১৫ মার্চ, ২০১৬ এর মধ্যে
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৩১ মার্চ, ২০১৬ এর মধ্যে
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	৭ এপ্রিল, ২০১৬ এর মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	-	২৫ এপ্রিল, ২০১৬ এর মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	১০ মে, ২০১৬ এর মধ্যে
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ মে, ২০১৬ এর মধ্যে
পুরস্কার ঘোষণা	-	২৩ জুন

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২০১৫ (জানুয়ারি-ডিসেম্বর, ২০১৫) ক্যালেন্ডার বছরের কর্মকান্ড বিবেচনা করে পদক প্রদানের নিমিত্ত নীতিমালা অনুসারে মন্ত্রণালয়/বিভাগের মনোনয়নের জন্য আবেদন আহ্বান এবং অধীনস্থ অধিদপ্তর/সংস্থাকে মনোনয়ন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য 'জনপ্রশাসন পদক নীতিমালা-২০১৫' জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।


- ৩১.১২.২০১৫
(মোঃ আমিন উল আহসান)
উপসচিব
ফোন : ৯৫১৪৮৫৫

সিনিয়র সচিব/সচিব,

..... মন্ত্রণালয়/বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (সিপিটি) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি